**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 29-08-2024**
**Time: 07.35 - 07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**FLOOD SITUATION DISASTER:**

রাজ্যে বন্যা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শনে আসা কেন্দ্রীয় সরকারের আন্ত:মন্ত্রনালয় পর্যায়ের প্রতিনিধিদল আজ থেকে বন্যা কবলিত এলাকাগুলি পরিদর্শন শুরু করবেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের যুগ্ম সচিব B.C যোশীর নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল বিকেলে আগরতলায় আসেন বলে রাজ্যের রাজস্ব সচিব ব্রিগেশ পান্ডে জানিয়েছেন । ৩ জনের এক প্রতিনিধি আজ আগরতলা, অমরপুর ও উদয়পুর সফর করবেন । অন্য এক প্রতিনিধিদল বিলোনিয়া সোনামুড়া, কাঠালিয়া ইত্যাদি এলাকা পরিদর্শন করবেন বলে জানা গেছে । এখনোও রাজ্যের বিভিন্ন অংশে ৩৫৯ টি ত্রান শিবিরে ৫৩ হাজার ৩৬৫ জন বন্যার্ত শিবিরে রয়েছেন । এখন পর্যন্ত রাজ্যে বন্যা ও ধসে ৩১ জনের মৃত্যু হয়েছে । ১ জন নিখোঁজ রয়েছেন, ২ জন আহত হয়েছেন ।

************

**Finance Minister-Review Meeting :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরে বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে এক আলোচনায় জলবাহিত বা অন্যান্য রোগ যাতে ছড়িয়ে না পড়ে তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে

গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে নির্দেশ দেন। তিনি বলেন, এখনও যে সকল ত্রাণ শিবিরগুলি চালু আছে সেগুলোকে ভালোভাবে তদারকি করতে হবে। শিবিরগুলিতে পানীয়জল সহ খাবারের যাতে অভাব না হয় সেই দিকে লক্ষ্য রাখতে তিনি প্রশাসনিক অধিকারিকদের নির্দেশ দেন।

****************

**BAC Meeting-Ratanlal Nath :**

আগামী চৌঠা সেপ্টেম্বর থেকে ত্রয়োদশ রাজ্য বিধানসভার পঞ্চম অধিবেশন শুরু হবে। চলবে ৬ই সেপ্টেম্বর পর্যন্ত । গতকাল বিধানসভার সভাকক্ষে বিজনেস এডভাইসরি কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয় । বৈঠকের শুরুতেই রাজ্যের বন্যায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। বৈঠকে বিধানসভার অধক্ষ্য বিশ্ববন্ধু সেন জানান, অধিবেশনে বিভিন্ন বিল ও গুরুত্বপূর্ণ বিষয়ের পাশাপাশি সাম্প্রতিক বন্যা নিয়েও আলোচনা করা হবে। বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী রতনলাল নাথ সাংবাদিকদের জানান প্রথমবারের মতো বিধানসভা অধিবেশনে দোভাষী পদ্ধতি চালু হচ্ছে। ফলে, ককবরক, বাংলা কিংবা ইংরেজি ভাষায় অধিবেশনে সদস্যরা কথা বললে তা দোভাষীর মাধ্যমে পছন্দ অনুযায়ী ভাষায় অনুবাদ হবে।

**************************

**JAN DHAN YOJANA :**

সরকারের প্রধান আর্থিক অন্তর্ভুক্তি প্রকল্প প্রধানমন্ত্রী জন ধন যোজনা গতকাল ১০ বছর পূর্ণ করেছে। এখনও পর্যন্ত ৫৩কোটিরও বেশি সুবিধাভোগী এই প্রকল্পের অধীনে ব্যাঙ্কে

অ্যাকাউন্ট খুলেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সমস্ত সুবিধাভোগীদের অভিনন্দন জানিয়েছেন এবং যারা এই প্রকল্পটি সফল করেছেন তাদের ধন্যবাদ জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, জন ধন যোজনা আর্থিক অন্তর্ভুক্তি বাড়াতে এবং কোটি কোটি মানুষকে, বিশেষ করে মহিলা, যুবক এবং প্রান্তিক সম্প্রদায়ের মর্যাদা দেওয়ার ক্ষেত্রে সর্বোত্তম।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ জানান, গ্রামীণ বা আধা-শহর এলাকায় ৬৭ শতাংশ অ্যাকাউন্ট খোলা হয়েছে এবং ৫৫শতাংশ অ্যাকাউন্টই মহিলাদের।

**************

**NTF Meeting :**

জাতীয় টাস্ক ফোর্স, NTF চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তার জন্য স্বল্পমেয়াদী ব্যবস্থার বিষয়ে বিভিন্ন রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের মহানির্দেশকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেছে।

গতকাল, কেন্দ্রীয় মন্ত্রিপরিষদের সচিব নতুনদিল্লিতে টাস্ক ফোর্সের প্রথম বৈঠকে সভাপতিত্ব করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং টাস্কফোর্সের সদস্যরা তাদের পরামর্শ তুলে ধরেন। এনটিএফ সদস্যরা জানিয়েছেন যে বিভিন্ন অংশীদারদের সঙ্গে সরাসরি যোগাযোগ করা হয়েছে এবং পৃথকভাবে প্রায় ৩০০ থেকে ৪০০টি পরামর্শ পাওয়া গেছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের ওয়েবসাইটে "Suggetion for NTF" নামে একটি জাতীয় পোর্টাল তৈরি করা হয়েছে, যাতে সারা দেশের মানুষ এবং বিভিন্ন অংশীদারদের কাছ থেকে পরামর্শ

চাওয়া হয়েছে। রাজ্যগুলিকে রাজ্যের চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে উপলব্ধ সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে তথ্য দেওয়ার জন্যও অনুরোধ করা হয়েছে।

************

**JMM- Champai Soren:**

ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা ও ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান মন্ত্রীসভার সদস্য চাম্পাই সোরেন রাজ্য মন্তীসভার সদস্য পদ ও দলের সদস্যপদ থেকে গতকাল পদত্যাগ করেছেন । JMM দলের সভাকক্ষ শিবু সোরেনের কাছে লেখা চিঠিতে তিনি দলীয় কাজকর্মের প্রতি অসন্তোষ প্রকাশ করেন ।

************

**BSS success:**

পাচারের সামগ্রী উদ্ধারে আবারও সাফল্য BSF। গতকাল BSF - এর শাল বাগানস্থিত সদর দপ্তর থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, বাংলাদেশে পাচারকালে দক্ষিন ত্রিপুরা জেলার শ্রীনগর BOP এলাকায় একটি গাড়ীতে তল্লাশী চালিয়ে ১ কোটি ৪ হাজার টাকার ঔষধ এবং ৩ লক্ষ্ টাকার বিদেশী সিগারেট উদ্ধার করা হয় । খোয়াই জেলায় পৃথক অভিযানে বগারবিল সীমান্তে পাচারকালে ১৩ টি গবাদি পশু উদ্ধার করা হয় ।

******************

**BJP Membership:**

ভারতীয় জনতাপার্টির সভ্যপদ সংগ্রহ অভিযানকে কেন্দ্র করে গতকাল আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে বিজেপির উদ্যোগে

এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার অংশ নিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন আগামী ২রা সেপ্টেম্বর থেকে সারা দেশে বিজেপির এই সভ্যপদ সংগ্রহ অভিযান শুরু হবে । দলীয় কর্মসূচীতে অংশগ্রহনের জন্য দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানান তিনি । কর্মশালায় অংশ নেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য, ভারতীয় জনতাপার্টির সর্বভারতীয় সাধারণ সম্পাদক ও সাংসদ দুশ্মন্ত কুমার গৌতম ,দলের সাংগঠনিক মহামন্ত্রী রবীন্দ্র রাজু সহ অন্যান্য নেতৃবৃন্দ ।

**************

**CPI(M): প্রয়াত বুদ্ধদেব ভট্টাচার্য**

CPI(M)–দলের উদ্যোগে গতকাল আগরতলা Town Hall এ পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী CPI(M) নেতা প্রয়াত বুদ্ধদেব ভট্টাচার্য়ের স্মরণসভার আয়োজন করা হয় । স্মরণ সভায় প্রয়াত বুদ্ধদেব ভট্টাচার্য়ের কর্মময় জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন CPI(M) রাজ্য সম্পাদক ও বিধানসভার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, পশ্চিমবঙ্গের প্রবীন CPI(M) নেতা বিমান বসু । দলের অন্যান্য নেতৃবৃন্দ প্রয়াত বুদ্ধদেব ভট্টাচার্যের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ অর্পণ করেন ।

*************

**National Sports Day :**

প্রখ্যাত হকি খেলোয়াড় ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষে আজ সারা রাজ্যে বিভিন্ন ক্রীড়া অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে। জাতীয় ক্রীড়া দিবসে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছে আগরতলার (এনএসআরসিসিতে)। দুপুর ২টায় আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতায় পদক বিজয়ী ক্রীড়াবিদ ও প্রশিক্ষকদের সংবর্ধনা জানানো হবে।

*************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উদ্বোধনী ম্যাচে এগিয়ে চলো সংঘ ও নাইন বুলেটস ক্লাব পরষ্পরের মুখোমুখি হবে। মোট ১০টি ক্লাব আসরে অংশ নিয়েছে। সিঙ্গেল লিগ কাম সুপার লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। খেলা হবে উমাকান্ত মিনি স্টেডিয়ামে। প্রতিদিন বিকাল ৩টায় এবং নৈশালোকে সন্ধ্যা ৬টায় দুটি করে খেলা হবে।

*************

**WEATER:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্রবিদ্যুত সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে । উতর জেলা ও ধলাই জেলার কোথাও কোথাও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ১.৪ মিলিমিটার । আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রীর কাছাকাছি

*************

* * * * * * * * * * *